

পণ্য নিরাপত্তা: ডিউ ডিলিজেন্স

যদি আপনার ব্যবসা পণ্য উৎপাদন, আমদানী, বিতরণ, বিক্রি বা সরবরাহ করে তাহলে আপনাকে আইন মানতে হবে; এর মাঝে থাকতে পারে এটি নিশ্চিত করা যে ইউকেসিএ-মার্ক করা পণ্য মার্কটি থাকার মতো উপযুক্ত কি না

এই নির্দেশিকায়

- [দেশের সংজ্ঞা](#)
- [ডিউ ডিলিজেন্স নীতিসমূহ](#)
- [ইউকেসিএ, ইউকেএনআই ও সিই মার্কিং](#)
- [টেস্ট রিপোর্টস](#)
- [গুরুত্বপূর্ণ আইন](#)

এই নির্দেশিকাটি ইংল্যান্ড, স্কটল্যান্ড ও ওয়েলসের জন্য

আপনি যদি পাইকারী ও খুচরা বিক্রেতা হয়ে থাকেন তাহলে ইউকেতে ক্রমবর্ধমান জাল ও বেআইনি পণ্যের উপস্থিতি পণ্য ক্রয়কে ক্রমবর্ধমানভাবে জটিল করে তুলছে।

নিরাপদ নয় এমন পণ্য ক্রয় ও সরবরাহ করার প্রভাব সুদূরপ্রসারী এবং কিছু কিছু ক্ষেত্রে প্রাণনাশক হতে পারে। এ কথা মাথায় রেখে আপনি কীভাবে নিশ্চিত হতে পারেন যে পণ্যগুলো যা বলছে সেগুলো তাই বা যা করতে পারে বলছে তা করতে পারে?

বহু ভোক্তা সুরক্ষা আইনে 'স্ট্রিক্ট লায়াবিলিটি' অপরাধ অন্তর্ভুক্ত আছে যেখানে অভিযুক্ত ব্যক্তি আইনটি ভঙ্গ করার অভিপ্রায় ছিল কি না তা বিষয় নয়। ন্যায্যতার ভারসাম্য সৃষ্টি করতে, সুনির্দিষ্ট ডিউ ডিলিজেন্স ডিফেন্স সাধারণত স্ট্রিক্ট লায়াবিলিটি ভোক্তা সুরক্ষা আইনে অন্তর্ভুক্ত করা হয়।

এই ডিফেন্স ব্যবহার করার জন্য একজন ব্যক্তিকে অবশ্যই প্রমাণ করতে হবে যে তারা সকল যুক্তিসঙ্গত সতর্কতা অবলম্বন করেছেন এবং ডিউ ডিলিজেন্স অনুশীলন করেছেন যেন অপরাধ সংঘটন এড়ানো যায়।

দেশের সংজ্ঞা

এই নির্দেশিকায় নিম্নলিখিত পরিভাষাগুলো ব্যবহার করা হয়েছে:

- ইউনাইটেড কিংডম (ইউকে): ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস ও নর্দার্ন আয়ারল্যান্ড
- গ্রেট ব্রিটেন (জিবি): ইংল্যান্ড, স্কটল্যান্ড ও ওয়েলস
- নর্দার্ন আয়ারল্যান্ড (এনআই)
- ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ): ইইউতে ২৭টি সদস্য রাষ্ট্র রয়েছে, যার মাঝে রয়েছে আয়ারল্যান্ড কিন্তু ইউকে-এর কোনো দেশ নয়

[উপরে ফেরত যান](#)

ডিউ ডিলিজেন্স নীতিসমূহ

এই বিস্তৃত নীতিগুলো ডিউ ডিলিজেন্সে কী অন্তর্ভুক্ত সে ব্যাপারে আদালতগুলোর অতীত মতামতগুলো থেকে নেওয়া হয়েছে:

- বসে থেকে কোনো কিছু না করলে সেটি একজন ব্যক্তিকে একটি ডিফেন্স তৈরি করতে সক্ষম করার সম্ভাবনা খুবই কম
- প্রয়োজনীয় পদক্ষেপের ধরণ প্রত্যেকটি পরিস্থিতির উপর নির্ভর করবে
- যুক্তিসঙ্গত পদক্ষেপ ও সাবধানতা গ্রহণের মাঝে অন্তর্ভুক্ত রয়েছে একটি নিয়ন্ত্রণের ব্যবস্থা সেটআপ করা যেটিতে জড়িত ঝুঁকি বিবেচনায় নেওয়া হয়েছে
- সকল যুক্তিসঙ্গত পদক্ষেপ বা সাবধানতা গ্রহণ করতে হবে; ডিফেন্স ব্যর্থ হবে যেখানে একটি যুক্তিসঙ্গত পদক্ষেপ বা সাবধানতা গ্রহণ করা যেত কিন্তু করা হয়নি

- যুক্তিসঙ্গত কী তা নির্ভর করবে সুনির্দিষ্ট পরিস্থিতির উপর; একটি বিষয় হবে সংশ্লিষ্ট ব্যবসার আকারের উপর
- নিয়ন্ত্রণের ব্যবস্থা ব্যবসাটির প্রতিটি দিক কভার করতে হবে যেগুলো আইনটি দ্বারা প্রভাবিত
- ডিউ ডিলিজেন্স অর্থ হচ্ছে ব্যবস্থাটির যথাযথ পরিচালনা নিশ্চিত করা
- ব্যবস্থাটির পরিচালনা পর্যালোচনার অধীনে রাখতে হবে এবং প্রয়োজন অনুযায়ী সংশোধন করতে হবে

যে কোনো ডিউ ডিলিজেন্স ব্যবস্থা লিখে রাখতে হবে যেন এটি অনুসরণ করা যায় এবং উত্থাপিত যে কোনো সমস্যা একটি বিভাগ বা শাখায় সমন্বয় করতে হবে, বা একজন ব্যক্তির কাছে যিনি পুরো ব্যবস্থাটির জন্য দায়িত্বশীল।

একটি আনুষ্ঠানিক মান ব্যবস্থাপনা, যদিও কেবলমাত্র তখনই আবশ্যিক যদি আপনি গ্যাস অ্যাপ্লায়েন্স, ইলেকট্রিক্যাল অ্যাপ্লায়েন্স, কসমোটিক বা পার্সোনাল প্রটেকটিভ ইকুইপমেন্ট উৎপাদন করেন, ডিউ ডিলিজেন্সকে সহযোগিতা করার ক্ষেত্রে মূল্যবান হতে পারে। মান ব্যবস্থাপনার ব্যবস্থা সম্পর্কে আরো উপদেশ পাওয়া যাবে [অ্যাসোসিয়েশন অব ব্রিটিশ সার্টিফিকেট বডিস](#) থেকে।

অনিরাপদ পণ্য কেনার ঝুঁকি কমাতে সবসময় একটি স্বনামধন্য সূত্র থেকে ক্রয় করুন এবং গোল্ডেন রুলটি অনুসরণ করুন: যদি এটি এতোই ভালো হয় যে সত্য বলে মনে হয় না, তাহলে অতিরিক্ত সাবধানতা অবলম্বন করুন।

[উপরে ফেরত যান](#)

ইউকেসিএ, ইউকেএনআই ও সিই মার্किং

কিছু কিছু পণ্যের ক্ষেত্রে মার্ক থাকার একটি আইনি শর্ত রয়েছে যখন এটিকে ইউকে-এর আভ্যন্তরীণ বাজারে ছাড়া হবে। ইউকেসিএ মার্किং হচ্ছে একটি পণ্যের ইউকে আইনের মান্য করার মূল নির্দেশক। ইউকেসিএ মার্ক সংযুক্ত করার মাধ্যমে একজন উৎপাদক ঘোষণা করছেন যে ইউকেসিএ মার্किং অর্জন করার প্রয়োজনীয় সকল আইনি শর্ত পূরণ করা হয়েছে। এর অর্থ হচ্ছে একটি পণ্য একের অধিক আইনি শর্ত প্রযোজ্য হয়।

ইউকেসিএ মার্किং দুটি ভিন্ন উপায়ে অর্জন করা যায়:

- **ইউকে অনুমোদিত সংস্থা কর্তৃক পরীক্ষা।** এর অর্থ হচ্ছে উৎপাদককে ইউকেসিএ মার্ক ব্যবহারের জন্য সক্ষম হতে একটি অনুমোদিত সংস্থা (যেমন বিএসআই – দ্য ব্রিটিশ স্ট্যান্ডার্ডস ইন্সটিটিউশন) ব্যবহার করতে হবে পণ্যটি পরীক্ষা বা পর্যালোচনা করার জন্য

- **সেল্ফ-ডিক্লারেশন।** এটিতে কোনো স্বাধীন পরীক্ষা বা পর্যালোচনা করার প্রয়োজন হয় না এবং সে কারণে এটি উৎপাদকের নিজস্ব বিবৃতি এবং তারা বিশ্বাস করেন যে পণ্যটি সংশ্লিষ্ট রেগুলেশন পূরণ করে

সংশ্লিষ্ট নিরাপত্তা আইন অনুযায়ী মান্যতার মূল্যায়ন করা উৎপাদকের দায়িত্ব, মনে রাখতে হবে যে কিছু কিছু আইন নির্দিষ্ট পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য - যেমন ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট (সেফটি) রেগুলেশন ২০১৬ এবং টয়েস (সেফটি) রেগুলেশন ২০১১। টেকনিক্যাল ফাইল (পরীক্ষার ফলাফল ও বুঁকির মূল্যায়ন সহ) সেট আপ করা, ডিক্লারেশন অব কনফরমিটি ইস্যু করা এবং ইউকেসিএ মার্ক সংযুক্ত করাও উৎপাদকের দায়িত্ব। ম্যানডাটরি বা সেল্ফ-ডিক্লেয়ার্ড ইউকেসিএ মার্কের মাঝে কোনো দৃষ্টিগ্রাহ্য পার্থক্য নেই এবং একটি ছোটো ব্যবসা বা ভোক্তা বলতে পারবে না যে পণ্যটি পরীক্ষা করা হয়েছে কি না। সুতরাং ডিস্ট্রিবিউটরদের সাবধানতা অবলম্বন করতে হবে এবং ইউকেসিএ মার্ক ও প্রয়োজনীয় সাপোর্টিং ডকুমেন্টেশন আছে কি না তা যাচাই করে দেখতে হবে।

যদি কোনো পণ্যে ইউকেসিএ মার্কের প্রয়োজন হয় কিন্তু তা না থাকে, তবে তা ইউকে বাজারে ছাড়া বেআইনি। কিন্তু, মনে রাখবেন ইউকেতে বিক্রি করা সকল পণ্যে ইউকেসিএ মার্কিং থাকা আবশ্যিক নয়, সুতরাং বিতরণকারীদের আইনি শর্তগুলোর ব্যাপারে প্রাথমিক জ্ঞান থাকতে হবে। আপনাকে জানতে হবে যে কোন পণ্যে ইউকেসিএ মার্ক এবং সংশ্লিষ্ট ডকুমেন্ট থাকতে হবে এবং এবং যে পণ্যগুলো পরিষ্কারভাবে আইন মান্য করছে না সেগুলো চিহ্নিত করতে পারতে হবে।

[ইউকেসিএ মার্কের](#) ব্যাপারে গাইডের জন্য দেখুন: GOV.UK ওয়েবসাইট।

**UK
CA**

ইউকেসিএ মার্কের জন্য একটি ক্রসওভার পিরিয়ড থাকবে, এবং বেশিরভাগ ক্ষেত্রে ১ জানুয়ারি ২০২৩ সাল পর্যন্ত সিই মার্ক ব্যবহার করা যাবে। সময়ের কাছাকাছি সমস্যা এড়াতে, যত দ্রুত সম্ভব ইউকেসিএ মার্কিং ব্যবহার শুরু করার পরামর্শ দেওয়া হচ্ছে।

CE

যেখানে এনআই জড়িত, আরো একটি মার্ক ব্যবহার করা হয়: ইউকেএনআই মার্ক। এটি প্রয়োজন 'নর্দার্ন আয়ারল্যান্ড প্রটোকল'-এর কারণে, যেটি ১ জানুয়ারি ২০২১ তারিখে কার্যকর হয়েছে।

[ইউকেএনআই মার্ক](#) এর GOV.UK ওয়েবসাইটে নির্দেশনা পাওয়া যাবে।

UK NI

[উপরে ফেরত যান](#)

টেস্ট রিপোর্ট

সুতরাং, আপনি, একজন ডিস্ট্রিবিউটর হিসেবে, কীভাবে জানবেন যে ইউকেসিএ মার্ক সঠিকভাবে সংযুক্ত করা হয়েছে কি না বা কোনো বস্তু ইউকেতে বিক্রি করা নিরাপদ কি না? একটি আনুষ্ঠানিক টেস্ট রিপোর্ট হচ্ছে সেফটি স্ট্যান্ডার্ড মান্য করার সবচাইতে ভালো উপায়। তিনটি প্রাথমিক ধরণের রিপোর্ট পাওয়া যায়:

- একটি ইন-হাউজ রিপোর্ট, যার অর্থ হচ্ছে পণ্যটি উৎপাদক পরীক্ষা করেছে
- একটি থার্ড পার্টি রিপোর্ট, যার অর্থ হচ্ছে পণ্যটি অন্য কেউ পরীক্ষা করেছে
- একটি থার্ড পার্টি টেস্ট রিপোর্ট যেটি একটি অ্যাক্রেডিটেড ল্যাবরেটরি ইস্যু করেছে

নিরাপত্তা প্রদর্শন করার জন্য এই তিনটিই বৈধ উপায়। কিন্তু অ্যাক্রেডিটেড টেস্ট রিপোর্ট অনেক উচ্চ মাত্রার আত্মবিশ্বাস প্রদান করে যে টেস্টগুলো যোগ্য ল্যাবরেটরি কর্মীদের দ্বারা সম্পন্ন করা হয়েছে।

কাইটমার্ক সার্টিফিকেশনের মতো স্কিম প্রদর্শন করতে পারে যে পণ্যটি প্রযোজ্য স্ট্যান্ডার্ড পূরণ করেছে এবং উৎপাদকের কার্যকর মান নিয়ন্ত্রণ প্রক্রিয়া আছে। এর সাথে কারখানা ও পণ্য উভয়টিকেই নিয়মিতভাবে অডিট করা হয় নিশ্চিত করার জন্য যে পণ্যটি নিরাপদ।

আপনার ডিউ ডিলিজেন্স শর্ত পূরণ করার জন্য:

- একটি স্বনামধন্য সাপ্লাইয়ারের কাছ থেকে কিনুন এবং ইনভয়েস নিন
- নিশ্চিত করুন যে পণ্যটি / প্যাকেজিঙে উৎপাদক বা আমদানিকারকের নাম ও ঠিকানা আছে
- সব ইনভয়েস রাখুন

- পণ্যটিযে নিরাপদ তার প্রমাণ দেখতে চান (এটি টেস্ট সার্টিফিকেট বা ডিক্লারেশন অব কনফরমিটি)
- পণ্য সম্পর্কে প্রাপ্য যে কোনো নিরাপত্তা বিষয়ক অভিযোগের ব্যাপারে আপনার সাপ্লাইয়াকে অবতগত করুন

[উপরে ফেরত যান](#)

গুরুত্বপূর্ণ আইনগুলো

[কনজিউমার প্রটেকশন অ্যাক্ট ১৯৮৭](#)

[জেনারাল প্রডাক্ট সেফটি রেগুলেশন ২০০৫](#)

সর্বশেষ পর্যালোচনা / হালনাগাদ করা হয়েছে: আগস্ট 2021

এই হালনাগাদে

ইউকেসিএ / সিএ মার্ক ক্রসওভার পিরিয়ড ১ জানুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে

অনুগ্রহ করে লক্ষ্য করুন

এখানকার তথ্যগুলো কেবলমাত্র নির্দেশনার জন্য; কেবলমাত্র আদালতই আইনের কর্তৃত্বপূর্ণ ব্যাখ্যা প্রদান করতে পারেন।

গাইডের 'গুরুত্বপূর্ণ আইন' লিংকগুলো আইনের কেবল মূল সংস্করণটিই দেখাতে পারে, যদিও কিছু সংশোধিত আইনও আলাদা করে সংযুক্ত করা আছে যেখানে এটি নির্দেশিকার বিষয়বস্তুর সাথে সরাসরি সম্পর্কিত। আইনের সংশোধনীর ব্যাপারে তথ্য পাওয়া যাবে প্রতিটি লিংকের 'মোর রিসোর্সেস' ট্যাবে।